গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.fisheries.nageshwari.kurigram.gov.bd

২ শ্রাবণ ১৪৩০

পত্র নং-৩৩.০২.৪৯৬১.৫০১.০৪.০০১.২২.২৪০ তারিখঃ ১৭ জুলাই ২০২৩

বিষয়ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাগেশ্বরী কুড়িগ্রাম এর অনিস্পন্ন Non-SFI (সাধারণ) অডিট আপত্তি নিস্পত্তির জন্য ব্রডশিট জবাব প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর নাগেশ্বরী, কুড়িগ্রাম এর অনিস্পন্ন Non-SFI (সাধারণ) অডিট আপত্তি নিস্পত্তির জন্য ব্রডশিট জবাব সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ১। অডিট আপত্তির ব্রডশিট জবাব ০৪ (চার) প্রস্থ।

**অডিট আপত্তির বিবরণ**

| ক্রমিক | নিরীক্ষার সন | অনুচ্ছেদ নং | শিরোনাম |
|---|---|---|---|
| ১ | ২০০৯-১১ | ১ | ক্রয়কৃত =৪৯,০০০/- টাকার পোনা মাছ বিতরণের প্রত্যয়নপত্র না পাওয়া প্রসঙ্গে। |
| ২ | ২০০৯-১১ | ২ | ক্রয়কৃত ৭,০০০/- টাকার মনোহারী দ্রব্যাদির মজুদ হিসাব না পাওয়া প্রসঙ্গে। |

১৭/০৭/২০২৩
(মো: শাহাদৎ হোসেন)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
নাগেশ্বরী, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৬-৫৬৩২১

প্রাপকঃ
জেলা মৎস্য কর্মকর্তা
কুড়িগ্রাম

২ শ্রাবণ ১৪৩০

পত্র নং-৩৩.০২.৪৯৬১.৫০১.০৪.০০১.২২.২৪০/১(৩) তারিখঃ ১৭ জুলাই ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর।
৩। সংশ্লিষ্ট নথি।

১৭/০৭/২০২৩
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
নাগেশ্বরী, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৬-৫৬৩২১
ইমেইল: sufonageshwari@fisheries.gov.bd

জেলা মৎস্য অফিস, কুড়িগ্রাম এর নিয়ন্ত্রণাধীন সিনিয়র উপজেলা মৎস্য অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর ২০০৯-১০ ও ২০১০-১১ অর্থ বছরের নিরীক্ষা আপত্তি নিস্পত্তির লক্ষ্যে ব্রডশিট জবাব:

<table>
<tr><th>নিরীক্ষার সন, অনুচ্ছেদ নং ও আপত্তির ধরন</th><th>অনুচ্ছেদের শিরোনাম ও পূর্নাঙ্গ বিবরন (সম্পূর্ণ দিতে হবে)</th><th>স্থানীয় কর্তৃপক্ষের জবাব</th><th>নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের জবাব</th><th>মহাপরিচালকের মতামত</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr>
<tr>
<td>২০০৯-২০১১<br>অনু: ০১<br>Non-SFI<br>(সাধারন)</td>
<td>শিরোনামঃ ক্রয়কৃত =৪৯,০০০/- টাকার পোনা মাছ বিতরণের প্রত্যয়নপত্র না পাওয়া প্রসঙ্গে।<br><br>বিবরণঃ উপজেলা মৎস্য অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম কার্যালয়ের ২০০৯-২০১১ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে ‘‘ক্রয়কৃত ৪৯,০০০/- টাকার পোনামাছ বিতরণের প্রত্যয়ন পত্র পাওয়া যায়নি।<br><br>‘‘বিল নং-১৩ তাং-২০/১০/২০০৯ এর মাধ্যমে রুই, কাতলা, মৃগেল, সিলভার কার্প মাছের পোনা ক্রয় বাবদ ৪৯,০০০/- টাকা খরচ করা হয়।<br><br>পোনামাছগুলো কোথায় কিভাবে বিতরণ, অবমুক্ত করা হয়েছে তার প্রত্যয়নপত্র পাওয়া যায় নি।<br><br>অনিয়মের প্রকৃতিঃ আর্থিক অনিয়ম।<br><br>স্থানীয় অফিসের জবাবঃ প্রত্যয়ন সংগ্রহ করে অডিট অফিসকে জানানো হবে।<br><br>নিরীক্ষা মন্তব্যঃ জবাব সন্তোষজনক নয়। কারণ ক্রয়কৃত ৪৯,০০০/- টাকার পোনা মাছ বিতরণের প্রত্যয়নপত্র পাওয়া যায় নি।<br><br>নিরীক্ষা সুপারিশঃ পোনা মাছ বিতরণের প্রত্যয়নপত্র সংগ্রহ করে প্রমাণক অডিট অফিসে প্রেরণ করা আবশ্যক।</td>
<td>২০০৯-১০ অর্থ বছরে নাগেশ্বরী উপজেলায় উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তির লক্ষ্যে কোটেশন আহ্বানের মাধ্যমে পোনা সরবরাহকারী জনাব মোঃ আওরঙ্গজেবকে ছয়টি জলাশয়ে =৪৯,০০০/- (উণপঞ্চাশ হাজার) টাকার মোট ৪০৩.২৯ কেজি রুই, কাতলা, মৃগেল ও সিলভার কার্প মাছের পোনা সরবরাহরে কার্যাদেশ প্রদান করা হয় (কপি সংযুক্ত)। সে মোতাবেক সরবরাহকারী দুই দিনে ছয়টি জলাশয়ে মোট ৪০৩.২৯ কেজি পোনামাছ সরবরাহ করেন। সরবরাহকৃত পোনা মাছগুলো উপজেলা পোনামাছ অবমুক্তি ও গ্রহণ কমিটির উপস্থিতিতে নির্বাচিত ছয়টি জলাশয়ে অবমুক্ত করা হয় এবং জলাশয় ভিত্তিক পোনামাছ অবমুক্তির সার্টিফিকেট গ্রহণ করে সংশ্লিষ্ট ফাইলে সংরক্ষণ করা হয় (কপি সংযুক্ত)।<br><br>পোনা মাছ অবমুক্তির বিবরণ
<table>
<tr><th>ক্র.</th><th>তারিখ</th><th>জলাশয়</th><th>পরিমান (কেজি)</th></tr>
<tr><td>১</td><td>০৬/১০/২০০৯</td><td>গিরাই নদী</td><td>৮৫</td></tr>
<tr><td>২</td><td>০৬/১০/২০০৯</td><td>চতলার দোলা</td><td>৬০</td></tr>
<tr><td>৩</td><td>০৬/১০/২০০৯</td><td>কেশরিয়া বিল</td><td>৭৩.২৯</td></tr>
<tr><td>৪</td><td>০৭/১০/২০০৯</td><td>মধুর হাইল্যার দোলা</td><td>৭০</td></tr>
<tr><td>৫</td><td>০৭/১০/২০০৯</td><td>অন্তাই বিল</td><td>৪০</td></tr>
<tr><td>৬</td><td>০৭/১০/২০০৯</td><td>চতলা বিল</td><td>৭৫</td></tr>
<tr><td colspan="3">মোট=</td><td>৪০৩.২৯ কেজি</td></tr>
</table>
অতএব, আপত্তিটি নিস্পত্তির জন্য অনুরোধ করা হলো।<br><br>সংযুক্তঃ ১। পোনামাছ সরবরাহরে কার্যাদেশের কপি।<br>২। পোনা মাছ অবমুক্তির সার্টিফিকেট (০৬ পাতা)।<br><br>(মো: শাহাদৎ হোসেন)<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>নাগেশ্বরী, কুড়িগ্রাম</td>
<td>স্থানীয় অফিসের জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হলো।<br><br>(কালি পদ রায়)<br>জেলা মৎস্য কর্মকর্তা<br>কুড়িগ্রাম</td>
<td></td>
</tr>
</table>

জেলা মৎস্য অফিস, কুড়িগ্রাম এর নিয়ন্ত্রণাধীন সিনিয়র উপজেলা মৎস্য অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর ২০০৯-১০ ও ২০১০-১১ অর্থ বছরের নিরীক্ষা আপত্তি নিস্পত্তির লক্ষ্যে ব্রডশিট জবাব:

| নিরীক্ষার সন, অনুচ্ছেদ নং ও আপত্তির ধরন | অনুচ্ছেদের শিরোনাম ও পূর্নাঙ্গ বিবরন (সম্পূর্ণ দিতে হবে) | স্থানীয় কর্তৃপক্ষের জবাব | নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের জবাব | মহাপরিচালকের মতামত |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২০০৯-২০১১<br>অনু: ০২<br>Non-SFI<br>(সাধারন) | **শিরোনামঃ** ক্রয়কৃত ৭,০০০/- টাকার মনোহারী দ্রব্যাদির মজুদ হিসাব না পাওয়া প্রসঙ্গে।<br><br>**বিবরণঃ** উপজেলা মৎস্য অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম কার্যালয়ের ২০০৯-২০১১ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে ‘‘ক্রয়কৃত ৭,০০০/- টাকার মনোহারী দ্রব্যাদির মজুদ হিসাব পাওয়া যায়নি।<br>‘‘নিয়ম অনুযায়ী ক্রয়কৃত মালামালের হিসাব মজুদ বহিতে উত্তোলনপূর্বক চাহিদার বিপরীতে বিতরণ করতে হবে। অন্যথায় উক্ত মালামাল বিতরণের যথার্থতা প্রমাণ করে না। বিবরণ পরিশিষ্ট ‘ক’ তে দেখানো হলো।<br>**অনিয়মের প্রকৃতিঃ** আর্থিক অনিয়ম।<br>**স্থানীয় অফিসের জবাবঃ** মজুদ বহিতে উত্তোলনপূর্বক অডিট অফিসকে জানানো হবে।<br>**নিরীক্ষা মন্তব্যঃ** জবাব সন্তোষজনক নয়। কারণ ক্রয়কৃত ৭,০০০/- টাকার মনোহারী দ্রব্যাদির মজুদ হিসাব পাওয়া যায় নি।<br>**নিরীক্ষা সুপারিশঃ** ক্রয়কৃত ৭,০০০/- টাকার মনোহারী দ্রব্যাদি মজুদ বহিতে উত্তোলনপূর্বক প্রমাণক অডিট অফিসে প্রেরণ করা আবশ্যক। | ২ নং অনুচ্ছেদে আপত্তির প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১০-১১ অর্থ বছরে পরিশিষ্ট ‘ক’ তে বর্ণিত বিল নং-৭৩, তারিখ-১৮/০৪/২০১১ এর মাধ্যমে =৭০০০/- টাকার মনোহারী দ্রব্যাদি ক্রয় করা হয় এবং মজুদ বহিতে ০৪ নং ও ০৫ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ করে বিতরণ করা হয় (কপি সংযুক্ত)।<br><br>অতএব, আপত্তিটি নিস্পত্তির জন্য অনুরোধ করা হলো।<br><br>সংযুক্ত: মনোহারী দ্রব্যাদি মজুদ বহির সত্যায়িত কপি ( ৩ পাতা)।<br><br>২৭/০৭/২০২৬<br>(মো: শাহাদৎ হোসেন)<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>নাগেশ্বরী, কুড়িগ্রাম | স্থানীয় অফিসের জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হলো।<br><br>(কালি পদ রায়)<br>জেলা মৎস্য কর্মকর্তা<br>কুড়িগ্রাম | |